গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

# ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

EIIN নং- ১২৯০৮২, বিদ্যালয় কোড: ৮২৫৭
**www.tgghs.edu.bd**
E-mail: thakurgaongghschool@gmail.com
টেলিফোন : ০৫৬১-৫৩৪৭৪

স্মারক নং: ভর্তি/ঠাসবালিকাউবি/২০২১/২১০/১(২) তারিখ: ১৯/১২/২০২১খ্রি.

## ২০২২ শিক্ষাবর্ষে তৃতীয় শ্রেণিতে সাধারণ ও কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

২০২২ শিক্ষাবর্ষে তৃতীয় শ্রেণিতে ভর্তির জন্য অনলাইন লটারিতে নির্বাচিত শিক্ষার্থীসহ নিম্ন লিখিত তারিখে ভর্তির জন্য স্বাস্থ্য বিধি মেনে একজন অভিভাবক (পিতা/মাতা) উপস্থিত থাকতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ে ভর্তি হতে ব্যর্থ হলে ভর্তি নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

১। মেধা তালিকার শিক্ষার্থীদের বিদ্যালয়ে ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা: **২০-২২ ডিসেম্বর ২০২১খ্রি. (অফিস চলাকালীন সময়)।**
২। **মেধা তালিকায় নির্বাচিতদের ভর্তি**- প্রভাতি ও দিবা শাখা: **২১-২৫ ডিসেম্বর ২০২১খ্রি. (অফিস চলাকালীন সময়)।**
৩। অপেক্ষমান তালিকা-১ প্রকাশ: **২০ ডিসেম্বর ২০২১খ্রি.।**
৪। অপেক্ষমান তালিকা-১ থেকে ভর্তির প্রার্থী সংখ্যা প্রকাশ: **২৬ ডিসেম্বর ২০২১খ্রি.।**
৫। ভর্তি ফি, ৬ মাসের টিফিন ফি (জানুয়ারি থেকে জুন), ০১ বছরের বেতন ও সেশন চার্জ সহ মোট ২০৯৩/- (দুই হাজার তিরানব্বই টাকা)।
৬। অফিস থেকে **'শিক্ষার্থী আইডি'** সংগ্রহ করে শিওর ক্যাশের মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ভর্তি নিশ্চিত করা হবে।
৭। শিফট পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য নয়।

### শিক্ষার্থীর ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজ বিদ্যালয়ে জমাদান:

ক) অনলাইন আবেদনপত্রের রঙ্গিন কপি।
খ) বিদ্যালয়ের ওয়েবসাইটে (**www.tgghs.edu.bd**) ফরম পূরণ করে রঙিন প্রিন্ট কপি (A4 সাইজ)
গ) অনলাইন জন্ম সনদের মূলকপি।
ঘ) পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি ০২ কপি।
ঙ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র।
চ) পূর্বে অধ্যয়নরত বিদ্যালয়ের ছাড়পত্রের মূলকপি (ছাড়পত্রে বিদ্যালয়ে ভর্তি রেজিস্টারে ক্রমিক নম্বর ও ভর্তির সাল/স্মারক নং উল্লেখ ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে।)
ছ) অনলাইন জন্মসনদ, আবেদনপত্র, অভিভাবকের (পিতা-মাতার) জাতীয় পরিচয়পত্র ও বিদ্যালয় ছাড়পত্রের সকল তথ্যে মিল থাকতে হবে।

**বি:দ্র:** উপরোক্ত সকল কাগজ ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ সেট ফটোকপি জমা দিতে হবে।

### বীর মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে (অতিরিক্ত কাগজপত্র):

বীর মুক্তিযোদ্ধার মূল সনদ, জেলা/উপজেলা কমান্ডারের মূল প্রত্যয়নপত্র। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্যের অনলাইন কপি, মুক্তিযোদ্ধার ওয়ারিশান সনদ সহ এর সপক্ষে বীর মুক্তিযোদ্ধার সকল কাগজপত্রাদি এবং সকল কাগজের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ সেট ফটোকপি বিদ্যালয়ে ২১/১২/২০২১খ্রি. জমা দিতে হবে।

### প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে (অতিরিক্ত কাগজপত্র):

সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রতিবন্ধীর সপক্ষে সকল মূল কাগজপত্রাদি এবং ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ সেট ফটোকপি বিদ্যালয়ে ২১/১২/২০২১খ্রি. জমা দিতে হবে।

### শিক্ষক/কর্মচারীদের কোটার ক্ষেত্রে (অতিরিক্ত কাগজপত্র):

সংশ্লিষ্ট সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মচারীদের সংশ্লিষ্ট প্রধান শিক্ষক কর্তৃক প্রত্যয়নপত্র।

**বি:দ্র:** কোটায় নির্বাচিতদের ভর্তি ২৭ ও ২৮ ডিসেম্বর ২০২১খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন হবে।

১৯/১২/২০২১

প্রধান শিক্ষক (চলতি দায়িত্বে)
ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
ঠাকুরগাঁও।